

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
জাতীয় সংসদ ও আন্তঃমন্ত্রণালয় শাখা

আইসিটি বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ চূড়ান্তকরণ সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি	এন এম জিয়াউল আলম সিনিয়র সচিব
সভার তারিখ	২৯ জুলাই ২০২০
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	অনলাইন কনফারেন্স
উপস্থিতি	জুম প্লাটফর্মে সংযুক্ত সকল সদস্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভাপতির নির্দেশক্রমে উপসচিব (জাতীয় সংসদ ও আন্তঃমন্ত্রণালয় শাখা) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর খসড়া সভায় উপস্থাপন করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর উপস্থাপিত খসড়ার বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ	১.১ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীটি সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা যায় মর্মে সভায় একমত পোষণ করা হয়।	১.১ সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	সভার সকল সদস্য

<p>২. কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন</p>	<p>২.১ এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ক্রমিক নম্বর ২.৩ ও ২.৪ এ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ/সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, কোভিড-১৯ এর কারণে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ে অর্জনের লক্ষ্যে ৮০ জন-এ পুনঃনির্ধারণ করা প্রয়োজন।</p>	<p>২.১ এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২.৩ ও ২.৪ নম্বর ক্রমিকের লক্ষ্যমাত্রা ৮০ জন পুনঃনির্ধারণ করতে হবে।</p>	<p>উপসচিব (জাতীয় সংসদ ও আন্তঃমন্ত্রণালয় শাখা)</p>
<p>৩. থার্মাল স্ক্যানারের ব্যবহার</p>	<p>৩.১ জাতীয় শুদ্ধাচার-কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ক্রমিক নম্বর ৯.১, ৯.২ ও ৯.৩, ৯.৪ ও ৯.৫ এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ক্রমিক নম্বর ৯.৩ (থার্মাল স্ক্যানারের ব্যবহার ডাটাব্যাজসহ) পরিবর্তন করা প্রয়োজন এবং থার্মাল স্ক্যানারের ব্যবহার ১১ নম্বর ক্রমিকের কর্মপরিবেশ উন্নয়ন কর্মপরিকল্পনায় সংযুক্ত করা যেতে পারে। তাছাড়া সভায় আরো জানানো হয়, থার্মাল স্ক্যানারের পরিবর্তে ৯.৩ নম্বর ক্রমিকে “ডিজিটাল নিরাপত্তায় হেল্প ডেস্ক চালুকরণ” কর্মকৌশলটি যুক্ত করা প্রয়োজন।</p>	<p>৩.১ ক্রমিক নম্বর ৯.৩ (থার্মাল স্ক্যানারের ব্যবহার ডাটাব্যাজসহ) পরিবর্তন করে “ডিজিটাল নিরাপত্তায় হেল্প ডেস্ক চালুকরণ” কর্মকৌশলটি যুক্ত করতে হবে। থার্মাল স্ক্যানার ব্যবহার সংক্রান্ত কর্মকৌশলটি ১১ নম্বর ক্রমিকে কর্মপরিবেশ উন্নয়নের সাথে যুক্ত করতে হবে।</p>	<p>উপসচিব (জাতীয় সংসদ ও আন্তঃমন্ত্রণালয় শাখা)</p>
<p>৪. বিবিধ</p>	<p>৪.১ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ চূড়ান্তকরণের পূর্বে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে দপ্তর ও সংস্থাসমূহের মধ্যে একটি সভা আয়োজন করা প্রয়োজন।</p>	<p>৪.১ দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ চূড়ান্তকরণের লক্ষ্যে যথাসময়ে একটি সভা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>সংস্থা প্রধান (সকল), উপসচিব (জাতীয় সংসদ ও আন্তঃমন্ত্রণালয়) আইসিটি বিভাগ</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব


স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০১৬.০৫.০১১.১৯.৭৭

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৪) যুগ্ম-সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৫) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৬) উপসচিব, পার্সোনেল সেবা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৭) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মূল্যায়ন ও পর্যবেক্ষণ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৮) উপসচিব, সমন্বয় শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৯) উপসচিব, পলিসি শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১০) উপসচিব, রাজস্ব শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১১) উপসচিব, উন্নয়ন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৪) মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, ই-সেবা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৫) প্রোগ্রামার, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ


মোহাম্মদ জসিম উদ্দিন
উপসচিব